



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd.

স্মারক নং বিঅ ৬/৬৪০৮/

তারিখ :

বিষয় : স্বীকৃতি নবায়ন

সূত্র : উপ-পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা এর ২১-০১-২০১৫ খ্রি. তারিখের ১২২ নং স্মারক পত্র ও প্রধান শিক্ষকের ৩০-০১-২০১৫ খ্রি. তারিখের আবেদন

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, নিম্নলিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ০১-০১-২০১৫ হতে ৩১-১২-২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদের জন্য স্বীকৃতি নবায়ন করা হল

আরোপিত শর্তসমূহ

- ১। অনুমতি/অনুমোদনহীন কোন শাখা থাকলে অবিলম্বে তা যথাবিধি অনুমতি/অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে
- ২। পাবলিক পরীক্ষার ফলাফলের গুণগত মান আরও বৃদ্ধি করতে হবে
- ৩। শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি আরও বৃদ্ধি করতে হবে এবং যথারীতি ওয়েবসাইটে উপস্থিতি দৈনিক আপলোড করতে হবে
- ৪। লাইব্রেরি ব্যবস্থাপনা গতিশীল করতে হবে, পৃথক পাঠকক্ষ প্রয়োজনীয় আসবাবপত্র দ্বারা সজ্জিত করতে হবে এবং বইয়ের সংখ্যাকমপক্ষে ২০০০ খানায় উন্নীত করতে হবে লাইব্রেরি ব্যবস্থাপনা সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের ক্যাটালগ আপলোড করতে হবে
- ৫। সহপাঠক্রমিক জোরদার করতে হবে
- ৬। এসবি এ ও পিবিএম এর কার্যাবলী জোরদার করাতে হবে
- ৭। শ্রেণি শাখাসমূহে শিক্ষার্থী সংখ্যা নিয়মানুযায়ী বিন্যস্ত করতে হবে
- ৮। পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে
- ৯। বিদ্যালয় অঙ্গনে ফলবান, বনজ এবং ওষধি বৃক্ষ রোপণ করে উহা রক্ষণাবেক্ষন করতে হবে
- ১০। বিদ্যালয়ে ইন্টারনেট ব্যবহার উপযোগী কম্পিউটার থাকতে হবে এক্ষেত্রে যাবতীয় কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করতে হবে : সকল শিক্ষকের ইমেইল এড্রেস বোর্ডকে অবহিত করতে হবে
- ১১। কম্পিউটারি প্রভিডেন্ট ফান্ডে শিক্ষক-কর্মচারীবৃন্দ বিধিমোতাবেক নির্ধারিত হারে চাঁদা কর্তন করবেন এবং বিদ্যালয় কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর স্ব স্ব হিসাবে সমপরিমাণ চাঁদা প্রদান করবেন।
- ১২। ভর্তি, নিবন্ধন বা পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমসহ সর্বক্ষেত্রে বোর্ড অথবা সরকার কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না
- ১৩। ছাত্রদের স্কাউট এবং ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে
- ১৪। বাংলা একাডেমী কর্তৃক প্রকাশিত অভিধানসমূহের প্রতিটির ন্যূনতম তিন কপি সংগ্রহ এবং অনুসরণ করতে হবে

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন প্রস্তাব দ্রুত দাখিল করতে হবে; অন্যথায় বিদ্যালয়ের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে

(মোল্লা আমীর হোসেন)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪

প্রধান শিক্ষক

পাঁচারই টি, এস, মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর : বড়োঙ্গা, উপজেলা : কেশবপুর, জেলা : যশোর

স্মারক নং বিঅ-৬/৬৪০৮/ ৪৬৪(৫)

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭। সংরক্ষণ নথি

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

২৯/৪/১৫